



বনানী ডিওএইচএস পরিষদ BANANI DOHS PORISHOD

বিডিপি/৩০/জেনারেল

২২ মার্চ ২০২৫

বিদ্যুৎ ব্যবহারে মিতব্যয়ী ও এলাকার পরিবেশ সংরক্ষণ প্রসঙ্গে

১। প্রতিদিনের জীবনযাপনে আমরা অনেকাংশে বিদ্যুতের ওপর নির্ভরশীল। বিদ্যুতের ঘাটতি থেকে বাঁচতে তাই আমাদেরই সতর্ক হতে হবে। সহজ কিছু বিষয় মেনে চললে বিদ্যুৎ সাশ্রয় করা সম্ভব হবে ফলশ্রুতিতে বিদ্যুৎ বিলও কম আসবে। বিদ্যুৎ সাশ্রয় করার কিছু উপায়ঃ

- ক। দিনের বেলায় অপ্রয়োজনীয় বাতি ও ফ্যান বন্ধ রাখা, এসি ২৫ ডিগ্রি সেলসিয়াস বা তার বেশিতে চালানো এবং পুরনো লাইট এর বদলে LED বা এনার্জি সেভিং লাইট ব্যবহার করা।
- খ। ফ্রিজের দরজা কম খোলা, টেলিভিশন ও কম্পিউটার ব্যবহার শেষে মেইন সুইচ বন্ধ রাখা। অনেকেই ল্যাপটপ, সেল ফোন এবং ডিজিটাল ক্যামেরা ইত্যাদি ব্যবহার শেষে প্লাগ ইন করে রাখে। এগুলো শক্তি গ্রহণ করে, এজন্য চার্জ দেওয়া শেষে পয়েন্ট চার্জার খুলে রাখা।
- গ। ওয়াশিং মেশিন এ কাপড় ধোয়ার সময় একসাথে অনেক কাপড় ধুয়ে ফেলা, বারবার ওয়াশিং মেশিন না চালানো।
- ঘ। সব পোশাক একসঙ্গে আয়রণ করুন। আয়রণ করাকালীন ইস্ত্রির সুইচ অন করে রাখবেন না। কাজ না করলেও এটি বিদ্যুৎ গ্রহণ করে। ফলে বিদ্যুতের অপচয় হয়।
- ঙ। পানি গরম করতে ইলেকট্রিক কেটলি ব্যবহার করুন। ইলেকট্রিক কুক পটের তুলনায় এর ব্যবহার বেশি বিদ্যুৎ সাশ্রয়ী।

২। এলাকার স্বাস্থ্যসম্মত পরিবেশ সংরক্ষণে ডাস্টবিনে ময়লা ফেলার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে পরিবেশ সংরক্ষণ ও সম্পদের সৃষ্টি ব্যবহার সংক্রান্ত ০৪ টি লিফলেট প্রতিটি প্রুটের অভ্যর্থনা/ফ্রন্ট ডেস্কে ডিসপ্লের জন্য ইতিমধ্যে দেওয়া হয়েছে। উক্ত বিষয়গুলোর উপর কার্যকরি ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

৩। বাংলাদেশ সরকার বিদ্যুৎ সাশ্রয়ে সর্বোচ্চ গুরুত্বারোপ করেছেন, তাই আমরাও নিজ নিজ উদ্যোগে বিদ্যুতের সদব্যবহার করে সাশ্রয়ী হই।

৪। বিষয়টি আপনাদের পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

আলী বখতিয়ার মাহমুদ মেহেদী
ভাইস প্রেডিডেন্ট ও
ভারপ্রাপ্ত সেক্রেটারি

কার্যক্রমঃ

বনানী ডিওএইচএসের সম্মানিত বাসিন্দাগণ

Telephone: +88 02 8714697
E-mail : infodohsbanani@gmail.com
Web : www.bananidohs20@gmail.com
Dhaka Cantonment, Dhaka- 1206, Bangladesh.